



সীতাকুণ্ডে ক্ষুদ্র নৃগোষ্ঠীর ১১টি পরিবারের মধ্যে গতকাল ভেড়া বিতরণ করে উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়। আজকের পত্রিকা

## ১১টি পরিবার পেল ভেড়া

সীতাকুণ্ড (চট্টগ্রাম) প্রতিনিধি

চট্টগ্রামের সীতাকুণ্ডে ক্ষুদ্র নৃগোষ্ঠীর ১১টি পরিবারের মধ্যে ২২টি উন্নত জাতের ভেড়া বিতরণ করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়ের উদ্যোগে এসব বিতরণ করা হয়।

বিতরণকালে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান এস এম আল মামুন, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. শাহাদাত হোসেন প্রমুখ।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা শাহজালাল মোহাম্মদ ইউনুচ বলেন, 'সমতল ভূমিতে বসবাসরত উপজেলার সোনাইছড়ির ক্ষুদ্র নৃগোষ্ঠীগুলোর আর্থ সামাজিক ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রশাসন কাজ করছে। এরই অংশ হিসেবে দরিদ্র পরিবারগুলোকে সহায়তা দেওয়া হয়েছে।'